

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৬৫

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪) ফজর নামায ও আসর নামায শেষে মুসল্লায় বসে থাকার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في جلوس المرء في مصلاه بعد صلاة الصبح وصلاة العصر

আরবী

(حسن) وَعَنْه رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لأَنْ أَقْعُدَ مَعَ قَوْمٍ، يَذْكُرُونَ اللهَ، تَعَالَى، مِنْ صَلاَةِ الْغَدَاةِ، حَتَّى تَطْلُعَ الشَّمْسُ، أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ أَعْتِقَ أَرْبَعَةً مِنْ وَلَدِ إِسْمَاعِيلَ، وَلأَنْ أَقْعُدَ مَعَ قَوْمٍ، يَذْكُرُونَ اللهَ، مِنْ صَلاَةِ الْعَصْرِ إلى أَنْ تَغْرُبَ الشَّمْسُ، أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ أُعْتِقَ أَرْبَعَةً. (رواه أبو داود)

বাংলা

৪৬৫. (হাসান) আনাস বিন মালেক (রাঃ) থেকে আরো বর্ণিত হয়েছে। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "ফজরের নামায আদায় করে সূর্যোদ্বয় পর্যন্ত আমি এমন একদল লোকের সাথে বসে থাকব যারা আল্লাহ্ তা'আলার যিকির করে, ইহা আমার জন্যে ইসমাঈল (আঃ)এর বংশের চার জন কৃতদাস মুক্ত করার চেয়ে অধিক পছন্দনীয়। আর আসরের নামায আদায় করে সূর্যান্ত পর্যন্ত আমি এমন একদল লোকের সাথে বসে থাকব যারা আল্লাহ্ তা'আলার যিকির করে, ইহা আমার জন্যে চার জন কৃতদাস মুক্ত করার চেয়ে অধিক পছন্দনীয়।"

(আবু দাউদ হাদীছটি বর্ণনা করেছেন ৩৬৬৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন